অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

লিংকন সেন্টারের 550 মিলিয়ন ডলারের ডেভিড গেফেন হল উদ্বোধন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

নিউ ইয়র্ক স্টেটের 6.5 মিলিয়ন ডলারের অর্থায়ন জনসমাগমের স্থানের বৃহৎ সম্প্রসারণে সহায়তা করছে

নতুন জনসমাগমের স্থানটি বিনামূল্যে কমিউনিটিভিত্তিক পাবলিক কর্মসূচি আয়োজন করবে

পুনর্গঠিত হলটি নিউ ইয়র্ক স্টেটের পর্যটন শিল্পের পুনরুজ্জীবিতকরণে সহায়তা করছে

গভর্নর ক্যাথি হোকল আজ লিংকন সেন্টার ফর দ্য পারফর্মিং আর্টস (Lincoln Center for the Performing Arts)-এর নতুন 550 মিলিয়ন ডলারের ডেভিড গেফেন হলের উদ্বোধন ঘোষণা করার জন্য লিংকন সেন্টার এবং নিউ ইয়র্ক ফিলহারমোনিক (New York Philharmonic)-এর নেতৃবৃন্দের সঙ্গে যোগ দিয়েছেন। বিশ্ববিখ্যাত নিউ ইয়র্ক ফিলহারমনিক-এর এই পুনর্গঠিত ঠিকানা কমিউনিটির জন্য জনসমাগমের স্থানের সম্প্রসারণকৃত অ্যাক্সেস নিয়ে নির্ধারিত সময়ের চেয়ে দুই বছর আগে খোলা হয়েছে। প্রকল্পটি ডেভিড গেফেন হলকে একটি নান্দনিক ভেন্যুতে রূপান্তরিত করেছে যা নিউ ইয়র্ক সিটিকে সংস্কৃতি ও শিল্পকলার জন্য একটি প্রাণবন্ত গন্তব্য হিসেবে আরো সমৃদ্ধ করবে।

"ডেভিড গেফেন হলের এই রূপান্তর আইকনিক লিংকন সেন্টারে নিউ ইয়র্কের একটি প্রধান কনসার্ট ভেন্যুতে একটি নিখুঁত সংযোজন," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের সুপরিকল্পিত অংশীদারিত্বের সুবাদে, এই প্রকল্প বাড়তি কর্মসংস্থান, প্রাণবন্ত কমিউনিটি স্পেস, এবং একটি নতুন ও উন্নত কনসার্ট হল নিয়ে নির্ধারিত সময়ের দুই বছর আগেই নিউ ইয়র্কের সাংস্কৃতিক ও অর্থনৈতিক জীবনকে সমৃদ্ধ করে তুলবে। আমাদের শিল্পকলা সংস্থাগুলো অর্থনৈতিক চালিকাশক্তি, কমিউনিটি সেন্টার, এবং সাংস্কৃতিক নোঙ্গর হিসেবে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করে, এবং আমি এই নান্দনিক নতুন ঠিকানায় নিউ ইয়র্কবাসীরা যেসব মিউজিকের অভিজ্ঞতা উপভোগ করবেন তা নিয়ে উচ্ছসিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) ডেভিড গেফেন হলের রূপান্তরের জন্য 6.5 মিলিয়ন ডলার প্রদান করেছে, যার মধ্যে হলের ভেতরে ও বাইরে

আনুমানিক 21,000 বর্গফুট জনসমাগমের স্থানের সংস্কার ও সম্প্রসারণ অন্তর্ভুক্ত রয়েছে, যেটি কোনো কনসার্ট টিকিটের প্রয়োজনীয়তা ছাড়াই জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে:

- **ওয়েলকাম সেন্টার**: 1,680 বর্গফুটের একটি জায়গা যেখানে রিফ্রেশমেন্ট স্টেশন এবং লিংকন সেন্টারের সব কর্মসূচির টিকিট ও তথ্য সংগ্রহ করার জন্য বসার স্থান রয়েছে।

- **লবি**: নতুনভাবে সম্প্রসারণ করা লবিতে একটি বড় আকারের মিডিয়া ডিসপ্লে ইনস্টল করা হয়েছে যেটি একইসাথে কনসার্ট, শিল্পকর্ম, ডিজিটাল মেসেজ ইত্যাদি দেখানোর জন্য একটি ডিজিটাল প্ল্যাটফর্ম প্রদান করছে।

- **সাইডওয়াক স্টুডিও**: পারফর্ম্যান্স, লেকচার, ক্লাস, স্ক্রিনিং, কমিউনিটি কর্মসূচি এবং আরো অন্যান্য বিষয়ের জন্য জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত একটি বহুমুখী স্থান।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর সহায়তা কাজে লাগিয়ে, লিংকন সেন্টার 114টি নতুন পূর্ণকালীন কর্মসংস্থান তৈরি করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে, যেগুলোর মধ্যে স্টেজ ক্রু থেকে শুরু করে নিরাপত্তা কর্মীরা অন্তর্ভুক্ত রয়েছে, এবং সেইসাথে বৈচিত্র্য ও শিল্প বিষয়ক একটি ফেলোশিপ কর্মসূচি চালু করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে যেটি পাঁচ বছর মেয়াদে কমপক্ষে পাঁচজন ফেলোকে সবেতন প্রশিক্ষণ ও মেন্টরশিপ প্রদান করবে। লিংকন সেন্টার ডেভিড গেফেন হলের মধ্যকার জনসমাগমের স্থানে প্রথম পাঁচ বছর ধরে প্রতি বছর কমপক্ষে 45 দিন নতুন বিনামূল্যের পাবলিক কর্মসূচি আয়োজন করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "অর্থনৈতিক উন্নয়ন একটি সিম্ফনির মতো কাজ করে, যেখানে প্রত্যেক অংশগ্রহণকারী সৃজনশীলতার সঙ্গে কিন্তু সহযোগী হয়ে নিজেদের ভূমিকা পালন করেন। আমাদের অংশীদারদের সঙ্গে এই নতুন ডেভিড গেফেন হল নিয়ে আমরা যে কাজ সম্পন্ন করেছি তা লোকজন যাতে লিংকন সেন্টার এবং নিউ ইয়র্ক সিটির অনন্যতা উপভোগ করতে পারে এমন নান্দনিকভাবে পুনর্গঠিত স্থান প্রদান করার মাধ্যমে বাড়তি কর্মসংস্থান, পর্যটন ও সুযোগ-সুবিধার স্বাগতম জানানো বার্তা জানান দিচ্ছে।"

লিংকন সেন্টারে এই পুনর্গঠিত ডেভিড গেফেন হল মহামারী পরবর্তী সময়ে পর্যটন খাতের পুনর্নির্মাণ ও পুনরুজ্জীবিতকরণের জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাগুলোকে সমর্থন করে, যে খাতটি স্টেটের তৃতীয় বৃহত্তম শিল্পখাত হিসেবে নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নরের নেতৃত্বাধীন শক্তিশালী বিপণন ক্যাম্পেইন এবং রেকর্ড সৃষ্টিকারী পর্যটন শিল্প সহায়তা কর্মসূচির মধ্য দিয়ে, নিউ ইয়র্ক এই সিটি ও স্টেটকে ভ্রমণের জন্য বিশ্বমানের গন্তব্য হিসেবে প্রচার করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান তৈরি ত্বরান্বিত করা অব্যাহত রেখেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটন বিষয়ক এক্সিকিউটিভ ডিরেক্টর রস ডি. লেভি বলেন, "লিংকন সেন্টার সবসময় নিউ ইয়র্কের পর্যটন খাতের শিরোমণি হয়ে থেকেছে, এবং নতুন ডেভিড গেফেন হল আরো বেশি দর্শনার্থীদের ভ্রমণের পরিকল্পনা করতে এবং এই সিটি ঘুরে দেখতে উৎসাহিত করবে। আমাদের পর্যটন অর্থনীতি ক্রমশ মহামারীর বিধ্বংসী প্রভাব কাটিয়ে পুনর্নির্মিত হচ্ছে, এবং যদিও আমরা অগ্রগতি অর্জন করছি, কিন্তু আমরা এখনো আমাদের মহামারীর আগের সময়কার অবস্থানে ফিরে যেতে পারিনি। আই লাভ NY (I LOVE NY) ডেভিড গেফেন হলকে বিশ্বব্যাপী দর্শনার্থীদের কাছে শিল্পকলা ও সংস্কৃতির সর্বাধুনিক গন্তব্য হিসেবে তুলে ধরছে যেটি নিউ ইয়র্ক স্টেটের সব উদ্দীপনাপূর্ণ বিষয়ের অংশ হওয়ার জন্য দর্শনার্থীদেরকে আকৃষ্ট করবে।"

স্টেট সিনেটর ব্র্যাড হলিম্যান বলেন, "লিংকন সেন্টারের ডেভিড গেফেন হল চালু হওয়া একটি বৈশ্বিক মহামারী ও অর্থনৈতিক বিশৃঙ্খলার পরে নিউ ইয়র্কের দৃঢ়তার প্রমাণ হয়ে দাঁড়িয়ে আছে। নির্ধারিত সময়ের দুই বছর আগেই সম্পন্ন হয়ে যাওয়া, আইকনিক নিউ ইয়র্ক ফিলহারমোনিক-এর এই নতুন ঠিকানা 600 মিলিয়ন ডলারের চলমান অর্থনৈতিক উন্নয়নকে সহায়তা করছে, আমাদের সিটিতে 6,000 নতুন কর্মসংস্থান নিয়ে আসছে, এবং আমাদের সমৃদ্ধশীল শিল্পকলা কমিউনিটির জন্য একটি নতুন হটস্পট হিসেবে কাজ করছে। লিংকন সেন্টারের CEO হেনরি টিমস, লিংকন সেন্টার বোর্ডের সভাপতি ক্যাথেরিন ফার্লে, এবং নিউ ইয়র্ক ফিলহারমোনিক-এর CEO ও প্রেসিডেন্ট ডেবোরাহ বোর্ডাকে এই কিংবদন্তী তুল্য প্রকল্প বাস্তবায়নের জন্য অভিনন্দন। সাবাশ!"

লিংকন সেন্টারর প্রেসিডেন্ট ও CEO হেনরি টিমস বলেন, "ডেভিড গেফেন হল নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্কবাসীদের জন্য—একটি প্রচণ্ড কঠিন সময় পার করার পরে আমাদের দৃঢ়তার প্রমাণ। এই প্রকল্প এবং নিউ ইয়র্কের সাংস্কৃতিক ল্যান্ডস্কেপের প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য আমরা গভর্নর হোকল এবং ESD-এর প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। সবশেষে, আমাদের নিজ শহরের অর্কেস্ট্রা একটি ঠিকানা পেয়েছে যেটি এর অপরিসীম মেধা ও সৃজনশীলতার জন্য যথার্থ হয়েছে এবং যেটি নিউ ইয়র্কের ইতিহাসে সবচেয়ে অন্ধকার কিছু সময়ে নির্মিত হয়েছে। এখানে অনুপ্রেরণা খুঁজে পাবেন বলে আমরা আসা করছি এমন কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে জানাই, স্বাগতম।"

নিউ ইয়র্ক ফিলহারমোনিক-এর ডেবোরাহ বোর্ডা, লিন্ডা এন্ড মিচ হার্ট (Linda and Mitch Hart)-এর প্রেসিডেন্ট ও CEO, বলেন, "ডেভিড গেফেন হল পুনরায় চালু হওয়ার মধ্য দিয়ে নিউ ইয়র্ক ফিলহারমোনিক-এর উল্লেখযোগ্য ইতিহাসে একটি নতুন অধ্যায় শুরু হতে যাচ্ছে। আমরা মহামারী চলাকালীন সময়ের অন্ধকার দিনগুলো পেরিয়ে এসেছি এবং পুনর্নির্মাণের মাধ্যমে শুধু নতুন স্থানগুলোর মাধ্যমেই নয় বরং আমাদের কমিউনিটির সঙ্গে সদা পরিবর্তনশীল কথোপকথনের মাধ্যমে আমরা যা শিখেছি তার মাধ্যমেও রুপান্তরিত হওয়া একটি অধিকতর শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে তুলছি। আমাদের সব অংশীদারের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ, বিশেষ করে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রতি, যারা এই যাত্রাকে সম্ভব করে তুলতে সাহায্য করেছে। এখন সময় নতুন করে যাত্রা শুরু করার।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418